নবারুণের ছোটগল্প 'খোঁচড়'-এর প্রতিগ্রহণ

লাশটা পায়ের কাছে



তর্পণ সরকার

নবারুণ ভট্টাচার্যের ছোটগল্প ‘‘খোঁচড়’’-এর প্রতিগ্রহণ


লেপটা পায়ের কাছে

তর্পণ সরকার


স্নাতক তৃতীয় বর্ষ, ক্রমিক নং- ১৯


তুলনামূলক সাহিত্য বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়



লাশটা পায়ের কাছে ...
চোখ শান্ত হয়
ঠোঁট যেন বুফকুচি
মুখটা কেমন শান্ত অথচ বিভৎস
ও বুঝতে পারে, আর কেউ আটকাতে পারবে না।
ঘাড় আর কাঁধের কাছটায়
ঘা-টা আবার জ্বালা করতে শুরু করেছে !!



সংকেত সিগন্যাল বার্তা
আসছে... আসছে... আসছে...
ফাঁকা পেপসির বোতল টেবিলে পড়ে আছে অনেকক্ষণ
দেওয়াল এতটাই চাপা বুড়োর, যে চড়া পাওয়ারের বাল্বের আলোও অন্ধকার দেখায়
ঘাড়ের কাছে অসহ্য চুলকানিটা বাড়ছে
সংকেত সিগন্যাল বার্তা... কীসের?
আর OC-র ঘর এদিকে
লক আপ
যাবার বেলায় দেখা হল, কথা হল না! আর করি না... আর পারি না...
হিন্দীতে ইংরাজীতে গান গাইছে
সাধুবাবা সাধুবাবা আমায় একখান কবিতা দেন আমার ঘরে আমি মেম্বার আমার বউ চেয়ারম্যান
ও সিগারেট ধরায়
সিগারেট ধরাতে গিয়ে হাত, ডান পকেটে রিভলভারে ছুঁয়ে যায়


কেস ফাইলটা উল্টে দেখতে থাকে
লাশগুলো যেন পায়ের কাছে
লাশ লাশ লাশ লাশ লাশ লাশ
ধরা
ধরা // মারতে হবে
ওরে ধরা
লাশ
লাশ
লাশ
লাশ
বালবের আলোয় দেখতে পায় শিকারি আর শিকারকে
টিকটিকিটা একটা আরশোলা দেখছে একদৃষ্টে। যেন 'ও'র সামনে 'ও'র টার্গেট
হঠাৎ দৌড়ে অতর্কিতে ধরে ফেলতে হবে শিকার
টার্গেট


সন্ধে বেলার চা সিঙাড়া অন্বেষণ হয়ে গেছে। আরেকবার চা দরকার
সবই আছে তোমার কাছে দুঃখ আশা মনের মাঝে
চোখে দেখা আছে স্বপ্ন আছে বুকে রাগ আছে অহংকারী বাসনা আছে
ছিনতাই বাজারে গান গেয়েই যাচ্ছে
টেবিলের পাশে একটা বালতিতে কাঁচা বোম ডি-অ্যাক্টিভেট করতে রাখা আছে
বোম
বোম
বোমা




বোমগুলো থেকে একবে বুদবুদ বেরোনো শুরু হল
বুদবুদ ক্রমে বাড়তে শুরু করল
বুদ বুদ বুদ বুদ বুদ বুদ বুদ বুদ বুদ বুদ
তারপর সহসা...
পাখাটা দুলতে দুলতে
পাখাটা থেমে গেল
ব্লেডগুলো বেঁকে/ভেঙে গেছে
পুরো থানা কেঁপে উঠেছে
সবাই হতভম্ব
পেপসির কেতলিটা ভেঙে গেছে
সাথে টেবিলটাও
অ্যাম্বুলেন্স ডাকো
AMBU.... ট্যাও ট্যাঁও ট্যাঁও ট্যাও
ট্যাও
হামলা
বোম বোম
বাঁচাও
মিডিয়াকে খবর দাও



KEEP OUT! CAUTION! KEEP
KEEP OUT! CAUTION! KEEP
KEEP OUT! CAUTION! KEEP



চা গরম
চা-টা নিন... কী ভাবছেন?
কতক্ষণ ডাকছি...
কী ভাবছেন?
বোম... বোম... বোমটা কই?
কোন বোম?
যেটা ফাটল এখুনি
বোম ফাটল?
ফাটল না?
নেশাপাতি কম করুন স্যর
চুপ করো
চা দাও



চা খান... সব উদ্ভট চিন্তা দূর হবে
আজ দুপুরে, বুঝলেন?
একজন মাস্টার এসেছিল। কলেজে ছেলে পড়ায়, বলল। সে বলে কিনা ওসি'র সাথে দেখা করবে।
বললেই হল? ওসি এখন ব্যস্ত। তাও সে জোর করে ঢুকবে
সে নাকি কীসব গবেষণা করছে
চোর ছ্যাঁচড় নিয়ে।
কী আপদ!!
চারিদিকে কীসব হচ্ছে। মাস্টারে নাকি ফোঁড়া নিচ্ছে চেম্বার, মেশিনের ... কী স্যার... বুঝলেন?


এস. আই মল্লিক ঘরে ঢুকলেন
কালীতলা যুবক সমিতির মাঠে... জলসায়
এখুনি বেরোবেন স্যর?
ওর ঘাড়ের মাঝের চুলকুনিটা অনেক বেড়ে গেল
আসছে... আসছে...


পুলিশের ঘুম মাত্র দুই ঘন্টা ভেঙে গেছে...


লোকটা ভিড়ে কোথায় আছে খুঁজতে হবে
বিভৎস ভিড়
লোকটা দাগী খুনে লোক (?)
ভিড়ে খুঁজে সাবধানে কাজ করতে হবে
গাড়িটা হেডলাইট বন্ধ করে নিয়ে যেতে হবে মাঠ দিয়ে তারপর... খুঁজে, অ্যাকশন!
বাঘ আটটায়
আসছে / এসেছে
একটু পরেই স্টেজে উঠবে


ওর সাপের ছোবল
মাছির মতন হাঁটার ধরণ
ডান পকেটে বিষ প্রস্তুত
সেফটি ক্যাচটা সামনে এগিয়ে দিয়ে নিজে সামনে এগিয়ে চলে
আসছে মঞ্চে শ্রী অজিত কাপুর ও সম্প্রদায়
এত লোক, এই ভিড়ে খুঁজে পাবে ও? শিকার? বিষ তৈরি . . .


ও দেখতে পায়,
ভিড়ের একটু বাইরের দিকে
শিকার ! শিকার শিকার
ফোটোগ্রাফের সাথে মিলিয়ে নেয়
হ্যাঁ ... পুরোপুরি এক !!



৩

লোকটাকে সরিয়ে
সামনে দাঁড়ায়

সব আলো যেন
গলে যাচ্ছে

ঝর !!

ঝর

ঝর।

ট্রিগার টানে
দুবার
রক্তের একটু ছিটে





লাশটা পায়ের কাছে ...
চোখ শান্ত হয়ে
ঠোঁট যেন বুফকুচি
মুখটা কেমন শান্ত অথচ বিভৎস
ও বুঝতে পারে, আর কেউ আটকাতে পারেনি।
ঘাড় আর কাঁধের কাছটায় ঘা-টার জ্বালা জুড়োলো !!

লাশটা পায়ের কাছে - তে ব্যবহৃত বিভিন্ন গানের ইউটিউব লিংকঃ

১ যাবার বেলায় দেখা হল, কথা হল না *https://www.youtube.com/watch?v=PfOrUaGo8HI*

২ আমার ঘরে আমি মেম্বার আমার বউ চেয়ারম্যান *https://www.youtube.com/watch?v=cW8Nhqh9PQ4*


লাশটা
পায়ের
কাছে